দৈনিক বাংলা

তারিখ ১৫।৯।৮১
পৃষ্ঠা ... কলাম ...



# নিরক্ষরতার অভিশাপ মুক্ত করতে এগিয়ে আসুন : পাটমন্ত্রী

(নিজস্ব সংবাদদাতা)

চাঁদপুর ১৩ই সেপ্টেম্বর।— পাটমন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান নিরক্ষরতার মুক্তি করতে সবাইকে এগিয়ে আসার আহবান জানান।

তিনি আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে চাঁদপুরে ডব্লিও রহমান জুট মিলস ও স্টার আলকায়েদ জুট মিলস প্রাথমিক বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

আগামী তিন মাসের মধ্যে এই বিদ্যালয় নির্মাণের কাজ শেষ হবে বলে মন্ত্রী আশা প্রকাশ করে।

অনুষ্ঠানে উভয় মিলের শ্রমিক কর্মচারী ছাড়াও স্থানীয় বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

**চাঁদপুর রোটারী ক্লাবের অভিষেক**

চাঁদপুর রোটারী ক্লাবের অভিষেক সম্প্রতি চাঁদপুর প্রেস ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ক্লাবের সভাপতি জনাব নূরুর রহমানের

(৩-এর পৃঃ দ্রঃ)

## পাটমন্ত্রী

(৭-এর পৃঃ পর)

সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বেতকস সমিতির চেয়ারম্যান বিচারপতি জনাব শাহাবুদ্দিন আহমেদ।

প্রধান অতিথি তার ভাষণে সর্বস্তরে বাংলা ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন।